দৈনিক জনকণ্ঠ

৭/১১/২০০৫

তারিখ ... ... ... ... ... ... ..

পৃঃ ২ কলাম ৪.....

# চবিতে শিক্ষক বাসে গুলি

**চবি প্রতিনিধি**

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে অবরোধ চলাকালে গতকাল সোমবার বিকাল সাড়ে ৫টায় একটি শিক্ষক বাস শহরের উদ্দেশে এলে মদনহাটে অবরোধকারীরা তাতে গুলি করে। তারা বাসটিকে বিশ্ববিদ্যালয়ে ফিরে যেতে বাধা করে। এ ছাড়া গতকাল সকালে

**গুলি** : পৃষ্ঠা : ১৫ কলাম : ২

## গুলি : শিক্ষক

(শেষ পৃষ্ঠার পর)

বিশ্ববিদ্যালয়ের উদ্দেশে প্রথম শাটল ট্রেনটি ঝাউতলা স্টেশনে এলে ট্রেনের চালককে অপহরণ করা হয় বলে জানা গেছে, তবে ছাত্রলীগ এ ঘটনায় তাদের সম্পৃক্ততা অস্বীকার করেছে।

ছাত্রলীগের লাগাতার অবরোধের তৃতীয় দিনে গতকাল বেশ কয়েকটি বিভাগের পূর্বনির্ধারিত পরীক্ষা বাতিল করা হয়। নিরাপত্তাহীনতার কারণে শিক্ষার্থীরা ক্যাম্পাসে যাচ্ছে না। অন্যদিকে শাটল ট্রেন ও অন্যান্য যানবাহন চলাচল সম্পূর্ণভাবে বন্ধ করে দেয়া হয়েছে। গতকাল ছাত্রলীগের নেতাকর্মীরা শহরের মুরাদপুর থেকে বিভিন্ন পাবলিক বাসে করে শিক্ষার্থীরা ক্যাম্পাসে যেতে চাইলে তাদের জোর করে নামিয়ে দেয়।